# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 11-10-2025** **Time: 1.40 P.M.**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে, কৃষি ও সহায়ক ক্ষেত্রে ৪২ হাজার কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে আছে কৃষি ক্ষেত্রে আত্মনির্ভরতার লক্ষ্যে দুটি গুরুত্বপূর্ণ প্রকল্প - পি এম ধনধান্য যোজনা এবং ডাল শস্য মিশনে আত্মনির্ভরতার সূচনা। ঐ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী , কৃষকদের সঙ্গেও মত বিনিময় করেন। কৃষক কল্যাণ, কৃষি ক্ষেত্রে স্ব-নির্ভরতা অর্জন এবং গ্রামীণ পরিকাঠামো আরও মজবুত করে তোলার জন্যে সরকারের অঙ্গিকারবদ্ধতারই প্রতিফলন এই ২ টি প্রকল্প। এর জন্যে মোট ব্যয় বরাদ্দ হয়েছে ৩৫ হাজার কোটি টাকারও বেশি।

oooooooooooooooooooo

নদীয়ার কল্যাণী কৃষিবিজ্ঞান কেন্দ্রে আজ প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি যোজনা উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি কৃষকদের মধ্যে দেখানো হয়। কৃষি ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি করে টেকসই কৃষি ও কৃষকদের সমৃদ্ধির লক্ষ্যে প্রধানমন্ত্রী আজ ধনধান্য কৃষি যোজনা সূচনা করেন। দেশের ১০০ টি নির্বাচিত জেলায় এই প্রকল্প বাস্তবায়িত হবে। কল্যাণীতে আজ ২০০রও বেশি কৃষক প্রধানমন্ত্রীর ভাষণ শোনেন। ও উপলক্ষে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ন্যাশনাল ডিয়ারি রিসার্চ ইনস্টিটিউটেরপূর্বাঞ্চলীয় শাখার প্রধান ডঃ শান্তনু বণিক কৃষিবিজ্ঞানী সঞ্জয় রায় প্রমুখ।

oooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে একটি বেসরকারি মেডিকেল কলেজের ছাত্রীকে গণধর্ষনের অভিযোগ উঠেছে । ওড়িশার বাসিন্দা দ্বিতীয় বর্ষের ঐ ছাত্রী গতকাল রাত

৮ টা নাগাদ সহপাঠীর সংগে তিনি যখন কলেজের বাইরে বেরিয়েছিলেন তখন তাঁকে একটি নির্জন জায়গায় নিয়ে গিয়ে  গণধর্ষন করা হয় বলে অভিযোগ । পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে ছাত্রীটিকে উধহার করে হাসপাতালে পাঠায় । নির্যাতিতার বাবা অভিযোগ করেছেন  কলেজে নিরাপত্তা বলে কিছু নেই এবং কলেজ কর্তৃপক্ষ সহযোগিতা  করছে না । তিনি নিজ রাজ্য ওড়িশার আইন শৃঙ্খলা পরিস্থিতির সংগে এই রাজ্যের তুলনা করে এখানকার পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাশ্মীরে জঙ্গী দমন অভিযানে গিয়ে প্রাকৃতিক দুর্যোগে এরাজ্যের দুই বাঙালী জওয়ানের মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে। এরা হলেন মুর্শিদাবাদের হরিহরপাড়ার বাসিন্দা প্যারা কমান্ডো পলাশ ঘোষ ও বীরভূমের রাজনগরের বাসিন্দা ল্যান্সনায়েক সুজয় ঘোষ। পীরপঞ্জল পর্বত শ্রেণীর উঁচু এলাকায় তুষার ঝড়ে পড়ে নিখোঁজ হয়ে যান এলিট প্যারা স্পেশাল ফোর্সের এই দুই সেনা কর্মী। তল্লাশির পর বৃহস্পতিবার কোকেরনাগে একজনের দেহ উদ্ধার হয়। দ্বিতীয় জনের দেহ পাওয়া যায় গতকাল। সেনাবাহিনী সূত্রে জানা গেছে, কিস্তোয়ার রেঞ্জে ঐ দুর্গম পাহাড়ি এলাকায় বিদেশী জঙ্গীদের উপস্থিতির খবর থাকায় সেখানে অভিযান চালানো হচ্ছিল। সোম ও মঙ্গলাবরের মাঝরাতে অভিযানে সামিল প্যারা কমান্ডোদের দলটি তুষার ঝড়ে পড়ে। তারপর থেকেই সুজয় ও পলাশের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। সেনাবাহিনীর তরফে গতকাল দুজনের বাড়িতে এই দুঃসংবাদ জানানো হলে পরিবারের সদস্যরা কান্নায় ভেঙে পড়েন।

বীরভূমের জেলাশাসক বিধান রায় জানিয়েছেন, মৃতদেহ ফিরিয়ে আনার জন্য প্রশাসনের তরফে সবরকমের চেষ্টা চালানো হচ্ছে। পরিবারের সদস্যদেরও পাশে থাকার আশ্বাস দেন তিনি।

সেনাবাহিনীর চিনার কোরের তরফে এক্স হ্যান্ডেলে এক বার্তায় পলাশ ও সুজয়কে কুর্নিশ জানিয়ে বলা হয়েছে, তাদের সাহসিকতা ও আত্মত্যাগ সকলকে চিরকাল অনুপ্রেরণা জোগাবে।

বীরভূমের জেলাশাসক বিধান রায় জানিয়েছেন, সেনা জওয়ান পলাশ ঘোষের দেহ সেনাবাহিনীর বিমানে দুপুরে পানাগড় সেনা ছাউনিতে ফিরবে। সেখান থেকে নবগ্রাম সেনা ছাউনিতে তাকে রাষ্ট্রীয় মর্যাদায় শ্রদ্ধা জানানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দুই সেনা জওয়ানের পরিবারকে সব ধরনের সহায়তা করবে বলে জানিয়েছে রাজ্য সরকার। দুই শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা ও শহীদ জওয়ানদের প্রতি শোক প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেলে এই কথা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের ৫ জেলায় সাম্প্রতিক দুর্যোগে ১২ হাজার ৬২টি বাড়ি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে রাজ্য সরকারের কাছে প্রাথমিক রিপোর্ট জমা পড়েছে। দার্জিলিং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার ও কালিম্পং-এ্রি ৫ জেলায় ৬ হাজার ৫টি সম্পূর্ণ ও পাঁচ হাজার ছিয়াশিটি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে নবান্নে এই মর্মে রিপোর্ট জমা দেওয়া হয়েছে। সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত বাড়িগুলি নতুন করে তৈরির জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে এক লক্ষ কুড়ি হাজার টাকা সহায়তা দানের সিদ্ধান্ত হয়েছে।

এদিকে, দুর্যোগ কবলিত এলাকায় পুনর্গঠন ও মেরামতির কাজ খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সোমবার আবারও উত্তরবঙ্গে যাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দুর্ঘটনার চার দিন পরে বেঙ্গালুরুর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে মুর্শিদাবাদের অগ্নিদগ্ধ চার পরিযায়ী শ্রমিকের। পরিবার সূত্রে জানা গিয়েছে, মৃতদের নাম জাহিদ আলি, মিনারুল শেখ, তাজিবুল শেখ ও জিয়াবুর শেখ । ওই শ্রমিকেরা বেঙ্গালুরুর বিদাদি থানার মাইসুরু এলাকায় একটি নির্মাণ সংস্থায় নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করতেন। গত সোমবার রাতে ঠিকাদার সহ মোট সাত জন যখন একটি ঘরে ঘুমিয়ে ছিলেন , তখন অগ্নিদগ্ধ হন সাত জন শ্রমিক। রাতেই তাদের হাসপাতালে ভর্তী করা হয়। গত কাল তাদের প্রত্যেকের মৃত্যু হয়।

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার কুলতলী বাজার এলাকায় গতকাল দাঁড়িয়ে থাকা একটি লরির পেছনে ঝড়খালি গামী একটি যাত্রীবাহী বাস ধাক্কা মারলে লরিচালক অভিজিৎ গায়েনের মৃত্যু হয় । স্থানীয় সূত্রে জানা গেছে, কুলতলীতে এসআই অফিসে স্কুলের বই নামানোর কাজ করছিলেন অভিজিৎ ও তাঁর সহকর্মীরা। সেই সময় বাসটি আচমকাই নিয়ন্ত্রণ হারিয়ে লরির পেছনে ধাক্কা মারে । ধাক্কায় লরির সামনের অংশ সম্পূর্ণ ভেঙে যায় , চালক অভিজিৎ ঘটনাস্থলেই প্রাণ হারান। সহকর্মীরা অল্পের জন্য প্রাণে বাঁচেন। মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

ooooooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর ২ নম্বর ব্লকের চাঙ্গুয়াল গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে গতকাল বিকেলে, আদিবাসী মহিলা পঞ্চায়েত প্রধান কে মারধরের অভিযোগ উঠেছে, অন্য এক মহিলা পঞ্চায়েত সদস্যার বিরুদ্ধে। জানা গেছে, এদিন বিকেলে পঞ্চায়েত অফিসে জেনারেল বডি মিটিং ডাকা হয়েছিল। মিটিং শুরুর আগেই তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য সুজাতা দে অভিযোগ তোলেন, তার এলাকায় উন্নয়নের কোনো কাজ হচ্ছে না। সেই সময় অঞ্চল প্রধান দিপালী সিংয়ের সঙ্গে তাঁর কথা কাটাকাটি শুরু হয়। এর পরই মারধোরের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে

স্থানীয় থানার পুলিশ ও খড়গপুর ২ নম্বর ব্লকের জয়েন্ট বিডিও পৌঁছান। পুলিশি হস্তক্ষেপে অবশেষে পরিস্থিতি স্বাভাবিক হয়।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo